1. সে প্রতিদিন 500 ক্যালরি কম নিতে পারে তার খাবার অভ্যাস পরিবর্তন করে।
2. সে 500 ক্যালরি বেশি ব্যয় করতে পারে প্রতিদিন আরো বেশি কর্মতৎপর হয়ে।
3. অথবা সে প্রতিদিন 500 ক্যালরি কমিয়ে ফেলতে পারে খাবার আর কার্যকলাপের সংমিশ্রণে।

পলের প্রয়োজন, 2,200 ক্যালরি প্রতিদিন একই ওজনে থাকার জন্য। সে প্রতিদিন 500 ক্যালরি কমালে তার 1,700 ক্যালরি থেকে যায়।

সেটা শুনে অনেক ক্যালরি বলে মনে নাও হতে পারে। কিন্তু মনে রাখবেন: পল সেই লক্ষ্যে পৌঁছতে পারে খাবার আর কার্যকলাপের সংমিশ্রণে।

### দৈনিক ক্যালরির প্রয়োজন কি?

আপনার দৈনিক ক্যালরির প্রয়োজন হলো যে ক্যালরি আপনার প্রয়োজন আপনার ওজন বজায় রাখার জন্য। এই সংখ্যাটি আপনার বয়স, লিঙ্গ, উচ্চতা, গঠন, এবং ওজনের উপর ভিত্তি করা। এটি আপনার কার্যকলাপের মাত্রাকে হিসেবে নেয় না।



## পলের কাহিনী

### আমরা দেখি পল কি করে রবিবার।

- প্রথমে, সে একটি 400 ক্যালরির ব্রেকফাস্ট খায়।
- তারপর সে দ্রুত হাঁটে এবং 90 ক্যালরি খরচ করে।
- পরে, সে একটি 200 ক্যালরির মধ্য-সকালের জলখাবার খায়।
- সে একটি 500 ক্যালরির মধ্যাহ্নভোজ করে।
- পরে, সে একটি বৈকালিক 100 ক্যালরির জলখাবার খায়।
- তারপর সে লনের ঘাস কাটে এবং 100 ক্যালরি খরচ করে।
- সে একটি 600 ক্যালরির নৈশভোজ করে।
- তারপর সে আরো দীর্ঘ পথ দ্রুত হাঁটে এবং 120 ক্যালরি খরচ করে।
- পরে, সে একটি 200 ক্যালরির শয়নকালীন জলখাবার খায়।

পলের প্রয়োজন: 2,200 ক্যালরি.প্রতিদিন	
পলের লক্ষ্য: 1,700 ক্যালরি/প্রতিদিন	
ক্যালরি ভেতবে	ক্যালরি বাইবে
400	90
200	100
500	120
100	
600	
200	
<b>2,000</b>	<b>310</b>



পলের আসল ক্যালরির আন্দাজ পেতে আমরা শুরু করব সে কত ক্যালরি গ্রহণ করে তা নিয়ে। তারপর তা থেকে বাদ দেব সে কত ক্যালরি সে খরচ করে।

$$2,000 - 310 = 1,690$$

পল তার লক্ষ্য ছাড়িয়ে যায় 10 ক্যালরির দ্বারা!

আজকাল, পল আনুমানিক 1 পাউন্ড কমাচ্ছে প্রতি সপ্তাহে খাবার আর কার্যকলাপের সংমিশ্রণে। এবং সে তার লক্ষ্যের পথে অর্ধেক পৌঁছে গেছে।





## অপেক্ষা কৃত কম ক্যালরি খাবার উপায়সমূহ

এখানে প্রতিটি খাবারের সাথে ক্যালরি কমানোর কিছু উপায় দেওয়া আছে। এই স্বাস্থ্যকর বদলগুলি চেষ্টা করুন।

প্রতিটি খাবারের জন্য চিন্তা!		
রেকফাস্ট	স্বাস্থ্যকর বদল	ক্যালরি বাঁচলো
আপনার শস্যতে কম ফ্যাট বা ফ্যাট শূন্য দুধ দিন 2% হোল মিল্কের পরিবর্তে।	1 কাপ ফ্যাট-মুক্ত দুধ 1 কাপ হোল মিল্কের বদলে	63
একটি নন-স্টিক প্যান এবং রান্নার স্প্রে ব্যবহার করুন (মাখনের বদলে) ডিম স্ক্রাম্বল বা ভাজতে।	আমি 1 ঝলক রান্নার স্প্রে ছড়িয়ে দি 1 দলা মাখনের বদলে।	34
টোস্টের জন্য ক্যালরি-হ্রাসপ্রাপ্ত মার্জারিন স্প্রেড বেছে নিন মাখন বা স্টিক মার্জারিনের বদলে।	2 দলা ক্যালরি কম মার্জারিন 2 দলা মাখনের বদলে।	36
দুপুরের খাবার	স্বাস্থ্যকর বদল	ক্যালরি বাঁচলো
আরো বেশি সবজি যোগ করুন যেমন শসা, লেটুস, টম্যাটো এবং পেঁয়াজ অতিরিক্ত মাংস বা চিজের বদলে।	2টি টম্যাটোর টুকরো, ¼ কাপ কাটা শসা, এবং 2টি পেঁয়াজের টুকরো ¼ আউন্স চিজ এবং 1 আউন্স হ্যামের পরিবর্তে	154
একটি স্যান্ডউইচের সাথে ফল জুড়ে দিন চিপস বা ফ্রেঞ্চ ফ্রাইয়ের বদলে।	½ কাপ ডাইস করা আনারস, 1 আউন্স আলুর চিপসের বদলে।	118
নিরামিষ ভিত্তিক ব্রথ সুপ বেছে নিন ক্রিম বা মাংস ভিত্তিক সুপার বদলে।	1 কাপ নিরামিষ সুপ, 1 কাপ ক্রিম অফ চিকেন সুপার বদলে	45
স্যালাড খাবার সময়, আপনার কাঁটা চামচ ড্রেসিং ডোবান, স্যালাডে অনেক পরিমাণ ড্রেসিং ঢালার পরিবর্তে।	½ টেবিল চামচ সাধারণ র‌্যাঞ্চ ড্রেসিং, 2 টেবিল চামচ সাধারণ র‌্যাঞ্চ ড্রেসিংের বদলে	109
বাইরে খাওয়ার সময়, স্যালাডের পরিবর্তে ফ্রেঞ্চ ফ্রাই বা চিপস নিন সাইড ডিশ হিসেবে।	একটি সাইড স্যালাড, কম-ফ্যাটযুক্ত ভিনাইগ্রেটের প্যাকেটের সাথে, মাঝারি মাপের ফ্রেঞ্চ ফ্রাইয়ের বদলে।	270



## আগের চেয়ে কম ক্যালরি খাবার উপায়

### প্রতিটি খাবারের জন্য চিন্তা!

বাতের খাবার	স্বাস্থ্যকর বদল	ক্যালরি বাঁচলো
ধূমায়িত বা গ্রিল করা সবজি ফ্রাই করা মাখন বা তেলের বদলে। সবজিতে লেবুর রস বা গাছড়া দিন স্বাদের জন্য। আপনি নন-স্টিক প্যানও ব্যবহার করতে পারেন।	½ কাপ ধূমায়িত ব্রকোলি, ½ কাপ উদ্ভিজ্জ তেলে ভাজা ½ কাপ ব্রকোলির বদলে	62
রন্ধন প্রণালী পরিবর্তন করুন ফ্যাট ও ক্যালরির পরিমাণ কমাতে। উদাহরণস্বরূপ, লাসানা বানাবার সময় আংশিক-স্কিম করা রিকোটা চিজ ব্যবহার করুন হোল মিল্ক রিকোটা চিজের বদলে। কুচিকুচি করে কাটা সবজি যেমন গাজর, জিকুনি, এবং পালঙ শাকের বদলে ব্যবহার করুন লাসানার কিছুটা গ্রাউন্ড মাংস।	1 কাপ আংশিক-স্কিম করা রিকোটা চিজ, 1 কাপ হোল মিল্ক রিকোটা চিজের বদলে	89
যখন আপনি বাইরে থাকেন, মূল খাবারের বদলে এমটি সইড ডিশ নিন।	¼ কাপ পাস্তা টম্যাটো সস সহ, 1 কাপ টম্যাটো সস সহ পাস্তার বদলে	138
পিজার উপর সবজি ছড়িয়ে দিন হালকা চিজ সহ, ফ্যাটমুক্ত মাংসের বদলে।	একটি চিজ পিজার টুকরো, মাংস ও চিজ পিজার পরিবর্তে	60



## আগের চেয়ে কম ক্যালরি খাবার উপায়

### প্রতিটি খাবারের জন্য চিন্তা!

জলখাবার	স্বাস্থ্যকর বদল	ক্যালরি বাঁচলো
বাতাসে পপ করা পপকর্ন বেছে নিন তেলে ভাজা পপকর্নের বদলে এবং শুকনো-রোস্ট করা বাদাম বেছে নেন তেলে রোস্ট করা বাদামের পরিবর্তে।	3 কাপ বাতাসে পপ করা পপকর্ন, 3 কাপ তেলে পপ করা পপকর্নের পরিবর্তে	73
ভেন্ডিং মেশিন এড়িয়ে চলুন। আপনার স্বাস্থ্যকর জলখাবার গুছিয়ে নিন কাজে নিয়ে যাওয়ার জন্য। বিকল্পগুলির মধ্যে আছে সবজির স্টিক, তাজা ফল, চিনি ছাড়া কম-ফ্যাটের বা ফ্যাটহীন দই, বা অল্প পরিমাণ শুকনো-রোস্ট করা বাদাম।	8 আউন্স চিনি ছাড়া ফ্যাটহীন দই, 6টি চিনেবাদামের মাখন দেওয়া ক্র্যাকারের প্যাকেটের বদলে।	82
স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল) বেছে নিন মিষ্টি দেওয়া বা এলকোহলপূর্ণ পানীয়ের বদলে।	এক বোতল স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল) 12 আউন্স সাধারণ সোডার বদলে	136
কুকি বা অন্যান্য মিষ্টি জলখাবারের বদলে কিছু ফল খান জলখাবারের বদলে।	একটি বড় লেবু 3টি চকোলেট কুকির বদলে	54

উৎস: Ideas for Every Meal (প্রতিটি খাবারের জন্য ধারণা). Department of Health and Human Services (হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর বিভাগ). Centers for Disease Control and Prevention (রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র). [http://www.cdc.gov/healthyweight/healthy\\_eating/cutting\\_calories.html](http://www.cdc.gov/healthyweight/healthy_eating/cutting_calories.html)



## আপনার পানীয় সম্বন্ধে আবার ভাবুন

পানীয় কমাবার একটি পথ হলো কি পান করছেন তা সম্বন্ধে ভাবা। পানীয় আপনাকে সেইভাবে ভরে তলে না যেভাবে খাবার তোলে। এবং, যেমন নিচে দেখছেন, পানীয় থেকে আসা ক্যালরি সতীই বেড়ে ওঠে!

কিন্তু ভালো খবর হলো এই: উচ্চ ক্যালরির পানীয় যদি প্রতিস্থাপিত করেন নিম্ন বা ক্যালরিহীন পানীয়ের দ্বারা, তাহলে আপনি 641 ক্যালরি বাঁচাতে পারবেন একদিনে!



এর পরিবর্তে....	ক্যালরি	চেষ্টা করুন	ক্যালরি	ক্যালরি বাঁচলো
মধ্যম ক্যাফে ল্যাটে (16 আউন্স) হোল মিল্ক দ্বারা প্রস্তুত	265	ছোট ক্যাফে ল্যাটে (12 আউন্স) ফ্যাট-মুক্ত দুধ দ্বারা প্রস্তুত	125	140
20 – আউন্স বোতল সাধারণ কোলার	227	পানির/জলের বোতল বা স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল)	0	227
মিষ্টি করা আইস চা ভেন্ডিং মেশিন থেকে (16 আউন্স)	180	লেবুর টুকরো বা লাইম সহ পানি/জল	0	180
এক গ্লাস সাধারণ জিনজার এল (12 আউন্স)	124	স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/ জল) 100% ফলের রস সহ	30	94
<b>মোট ক্যালরি:</b>	<b>796</b>		<b>155</b>	<b>641</b>

উৎস: Rethink Your Drink (আপনার পানীয় সম্বন্ধে আবার ভাবুন). Department of Health and Human Services (হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর বিভাগ). Centers for Disease Control and Prevention (রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র). [http://www.cdc.gov/healthyweight/healthy\\_eating/cutting\\_calories.html](http://www.cdc.gov/healthyweight/healthy_eating/cutting_calories.html)



## আপনার পানীয় সম্বন্ধে আবার ভাবুন

ক্যালরি কমানোর একটি পথ হলো কতটা পান করছেন তা সম্বন্ধে ভাবা। এই চার্টটি বিভিন্ন রকম পানীয়ে ক্যালরির পরিমাণ দেখায়, সর্বোচ্চ প্রতি সর্বনিম্ন। উচ্চ ক্যালরির পানীয়ের জন্য মাপ সত্যিই তফাত এনে দেয়!

পানীয়ের প্রকার:	20 oz এ ক্যালরি।	12 oz এ ক্যালরি।	ক্যালরি বাঁচলো
ফুট পাঞ্চ	320	192	128
100% আপেলের রস	300	180	120
100% লেবুর জুস	280	168	112
লেমোনেড	280	168	112
সাধারণ লেবু/লাইম সোডা	247	148	99
(সাধারণ কোলা)	227	136	91
মিষ্টি লেবুযুক্ত আইস টি (বোতলে, বাসাতে তৈরি নয়)	225	135	90
টনিক পানি/জল	207	124	83
সাধারণ জিনজার এল	207	124	83
স্পোর্টস পানীয়	165	99	66
সুস্থতার পানি/জল	36	18	18
মিষ্টি না করা চা	3	2	1
স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল) (মিষ্টি দেওয়া নয়)	0	0	0
পানি/জল	0	0	0



## আপনার পানীয় সম্বন্ধে আবার ভাবুন

দুধে ভিটামিন, খনিজ পদার্থ এবং প্রোটিন আছে। কিন্তু এতে ক্যালরিও আছে। কম-ফ্যাট বা ফ্যাট-মুক্ত দুধ ক্যালরি কমানোর এবং আপনার শরীরের যা প্রয়োজন তা পাবার এক ভালো উপায়।

দুধের প্রকার	৪ আউন্স এ ক্যালরি
চকোলেট দুধ (হোল)	208
চকোলেট দুধ (2%)	190
চকোলেট দুধ (1%)	158
সাধারণ দুধ (হোল)	150
সাধারণ দুধ (2%)	120
সাধারণ দুধ (1%)	105
সাধারণ দুধ (ফ্যাট মুক্ত)	90

উৎস: USDA ন্যাশনাল নিউট্রিয়েন্ট ডেটাবেস ফর স্ট্যান্ডার্ড রেফারেন্স

### পানীয় এবং ওজন হ্রাস

বিশেষজ্ঞরা বলেন প্রতি সপ্তাহে 1 থেকে 2 পাউন্ড ওজন কমানো স্বাস্থ্যকর। বেশির ভাগ মানুষের প্রয়োজন আন্দাজ 500 ক্যালরি প্রতিদিন হারানো যাতে প্রতি সপ্তাহে 1 পাউন্ড ওজন কমে। আপনার পানীয় ভেতরে যে ক্যালরি আছে তা আপনাকে আপনার লক্ষ্যে পৌঁছতে সাহায্য করবে।



## সহজে ভালো পানীয় খাবার বিকল্পসমূহ

### পুষ্টি সংক্রান্ত তথ্য বুদ্ধিমানের মত ব্যবহার করা

এখানে দেওয়া আছে একটি 20 আউন্স সোডার বোতলের পুষ্টিগত তথ্য। এতে বলা আছে যে একটি সার্ভিং এর পরিমাণ হলো ৪ আউন্স। এতে বলেছে যে বোতলে 2½টি সার্ভিং দেওয়া আছে। এবং একটি সার্ভিং এর ক্যালরির পরিমাণ এটি তালিকাভুক্ত করে (100)।

সম্পূর্ণ বোতলে কত ক্যালরি আছে তা বার করতে একটি সার্ভিং এ কত ক্যালরি আছে তা গুণ করুন বোতলে কটি সার্ভিং আছে তা দিয়ে (100 x 2½)। আপনাকে যদি পুরো বোতলটি খেতে হয় তাহলে আপনি 250 ক্যালরি নেবেন।

পুষ্টিগত তথ্যের লেবেল	
সার্ভিং এর মাপ	8 fl. oz.
কন্টেইনার প্রতি সার্ভিং	2.5
প্রতি সার্ভিং এর পরিমাণ	100
ক্যালরি	100

### চলমান অবস্থায় ক্যালরি

কফি জাতীয় পানীয় এবং স্মুদি হয়ত স্বাস্থ্যকর শোনাবে। কিন্তু আপনার পছন্দের কিছু পানীয়ে ক্যালরির পরিমাণ আপনাকে অবাক করে দিতে পারে। ওয়েবসাইট পরীক্ষা করুন, বা পুষ্টিগত তথ্য জিজ্ঞাসা করুন। এবং যখন একটি কফি বা স্মুদি খাবার প্রচলিত ইচ্ছা হয়, এই পরামর্শগুলি চেষ্টা করুন।

### কফির দোকানে:

- আপনার পানীয় স্কিম মিল্ক দিয়ে তৈরি করতে বলুন হোল মিল্কের পরিবর্তে।
- সব চেয়ে ছোট মাপটি অর্ডার করুন।
- স্বাদকে দূরে রাখুন। স্বাদের সিরাপে চিনি আছে ও তা ক্যালরি যোগ করে।
- ফেটানো পদার্থটি বাদ দিন। কফি জাতীয় পানীয়ের ওপরের হুইপ ক্রিম ক্যালরি ও ফ্যাট যোগ করে।
- একটি সাধারণ কফির কাপের অর্ডার দিন স্কিম মিল্ক সহ। অথবা সেটি কালো খান।







## ভালো পানীয়ের পছন্দ সরলীকৃত করা

### স্মুদির স্ট্যান্ডে:

- শিশুর পরিমাণ অর্ডার করুন, যদি তা পাওয়া যায়।
- সব চেয়ে কম ক্যালরি সহ স্মুদি বেছে নিন।
- আপনার স্মুদি চিনি না যোগ করে তৈরি করতে বলুন। ফল স্বাভাবিকভাবেই মিষ্টি হয়।



### ভালো পানীয়ের পছন্দ

এখানে কিছু স্বাস্থ্যকর পানীয়ের ধারণা দেওয়া হলো:

- সাধারণ স্পার্কিং পানির/জলের সাথে 100% ফলের রসের ছলক যোগ করুন।
- একটি পানির/জলের বোতল সাথে রাখুন। সেটি সারাদিন ভরতে থাকুন।
- পানি/জল বা স্পার্কলিং ওয়াটার (সোডা পানি/জল) বেছে নিন।
- চিনি ছাড়া কফি বা চা খান। সেগুলি উপভোগ করুন গরম বা ঠান্ডা।
- পানিতে/জলে স্বাদ যোগ করুন ক্যালরি-বিহীন পানীয়ের মিশ্রণের সাহায্যে।
- পানির/জলের নিয়ে আনন্দ কর। লেবু, লাইম, শসা, বা তরমুজের টুকরো যোগ করুন।
- ফ্রিজে একটি পানির/জলের পাত্র রাখুন। অথবা, পানিতে/জলে বরফ যোগ করুন।
- খাবারের সময় আপনার পানির/জলের পাত্র টেবিলে রাখুন।
- যখন আপনি চিনি যুক্ত পানীয় পান, সব চেয়ে ছোট মাপটি বেছে নিন।





## ক্যালরি পোড়ানোর উপায়

### কত ক্যালরি এই ক্রিয়াকলাপে খরচ হয়?

এই চার্টটি দেখায় কত ক্যালরি একজন ব্যক্তি যার ওজন 154 পাউন্ড খরচ করবে এক মধ্যম গতিতে।



ক্রিয়াকলাপ	মধ্যম গতিতে খরচ করা ক্যালরি	
	1 ঘন্টায়	30 মিনিটে
হাইকিং	370	185
হালকা বাগান করা/জমির কাজ করা	330	165
নাচা	330	165
গল্ফ (হাঁটা এবং ক্লাব বওয়া)	330	165
সাইকেল চালানো	290	145
হাঁটা	280	140
ওজন তোলা (সাধারণ হালকা শরীরচর্চা)	220	110
শরীর প্রসারণ	180	90

উৎস: US Department of Agriculture (কৃষি বিভাগ). My Plate (মাইপ্লেট).  
(<http://www.choosemyplate.gov/physical-activity-calories-burn>)





# অংশগ্রহণকাৰীৰ নিৰ্দেশিকা

এমন স্বাস্থ্যকৰ খাবাৰ খান যা আপনি উপভোগ কৰেন

**PREVENT2**  
A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



## সেশনের মূল বিষয়গুলি

স্বাস্থ্যকর খাবার উপভোগ্য হতে পারে এবং তা টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করতে পারে।

এই সেশনে আমরা কথা বলব কিভাবে:

- খাওয়ার প্রতি একটি স্বাস্থ্যকর মনোভাব নেওয়া যায়
- স্বাস্থ্যকর খাবার বাছাই করা যায়
- স্বাস্থ্যকর খাবার খাওয়া যা আপনি উপভোগ করেন

আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও করবেন!



পরামর্শ:

- ✓ যখন আপনি ক্ষুধার্ত, স্টার্চ-বিহীন সবজি বা ব্রথ ভিত্তিক সুপ দিয়ে শুরু করুন।
- ✓ আপনার পছন্দসই খাবারগুলিকে স্বাস্থ্যকর খাবারে রূপান্তরিত করুন।





## অ্যান্ধনিৰ কাহিনী

বুধবার, অ্যান্ধনি সারাদিন বসার সময় পায়নি কর্মস্থলে। সে মধ্যাহ্নভোজ করেনি, বা এমনকি জলখাবারও খায়নি। গাড়ি করে বাসা ফেরার সময়, অ্যান্ধনি ভীষণ ক্ষুধার্ত বোধ করতে শুরু করলো।

যখন আপনি ক্ষুধার্ত অনুভব করেন আপনার মনে হতে পারে:



- উদ্বিগ্ন
- বিভ্রান্ত
- লোভী
- খিটখিটে
- হালকা-মাথা
- পেট গুরগুর
- কম্পমান
- দুর্বল

যখন আপনি অত্যন্ত ক্ষুধার্ত অনুভব করেন তখন আপনার কেমন লাগে?

অ্যান্ধনির এরকম লাগছিল বলে সে একটি দোকানে দাঁড়ালো বাসা ফেরার পথে। সে এক ব্যাগ আলুর চিপ্স কিনলো। তারপর সে ব্যাগের অর্ধেক খেলো গাড়িতে বসে।

কখনো কখনো অ্যান্ধনি ক্ষুধা না পেলেও খায়। আপনার যখন ক্ষুধা পায়নি, আপনি খেতে পারেন কারণ আপনি:

- বিরক্ত, দুখী, বা চিন্তাগ্রস্ত অনুভব করেন
- একটি বস্তুর আনন্দদায়ক স্মৃতি রাখেন
- খাবারের যা স্বাদ তা পছন্দ করেন
- খাবার নষ্ট করতে চান না
- জানেনও না আপনি খাচ্ছেন কারণ আপনি টিভি দেখতে, কাজ করতে, গাড়ি চালাতে ইত্যাদিতে ব্যস্ত

খিদে না পেলে আপনি কেন খান?



আজকাল অ্যান্ধনি চেষ্টা করে খেতে শুধু যখন সে ক্ষুধার্ত। এবং সে কাটা সবজি হাতের কাছে রাখে বাসাতে ও কর্মস্থলে। এইভাবে, সে কখনই ভীষণ ক্ষুধার্ত বোধ করে না।





## সঠিক পরিমাণ খান

সঠিক পরিমাণ খাওয়া স্বাস্থ্যকর মনোভাবের একটি অংশ। এই পরামর্শগুলি কাজে লাগিয়ে দেখুন।

- ✓ শুধু ক্ষুধা পেলেই খাবেন। আপনার ক্ষুধা পাবার ইঙ্গিতগুলির প্রতি নজর দিন। অন্য কারণে খাবারের চেষ্টা করবেন না, যেমন বিরক্ত লাগা বা দুখী লাগার জন্য। এই অনুভূতিগুলি সামলাবার জন্য অন্যান্য উপায় বের করুন।
- ✓ কিন্তু ভীষণ ক্ষুধা পাবার জন্য অপেক্ষা করবেন না। যদি তা করেন, তাহলে অস্বাস্থ্যকর খাওয়ার পছন্দ করবেন বা বড় বেশি খাবেন।
- ✓ বড় ব্যাগ বা বাউল থেকে খাবেন না। বরং আপনার খাবার মেপে নিন। এটি করতে আপনি কত খাবেন তা নিয়ন্ত্রণ করতে আপনাকে সাহায্য করবে।
- ✓ ছোট প্লেট ব্যবহার করুন এবং একক সার্ভিং প্যাক ব্যবহার করুন। এগুলি আপনাকে আরো সন্তুষ্ট বোধ করতে সাহায্য করবে।
- ✓ আপনার খাবারের উপর নজর দিন - যেরকম এর স্বাদ, গন্ধ, চেহারা ও শব্দ হয়। চেষ্টা করুন খাবার সময় না পড়তে, গাড়ি না চালাতে, বা টিভি না দেখতে। আপনি আপনার খাবার উপভোগ করবেন।
- ✓ আস্তে খান। এটি আপনার মস্তিষ্কে সুযোগ দেয় এই বার্তাটি পেতে যে আপনার পেট ভরে গেছে।
- ✓ যখন মনে হবে পেট ভর্তি হয়ে গেছে তখন থামুন। আপনার ক্ষুধা পাবার ইঙ্গিতগুলির প্রতি মনোযোগ দিন। ঠেসে খাবেন না।







## Prevent T2 এর জন্য স্বাস্থ্যকর পছন্দসমূহ

স্বাস্থ্যকর পছন্দ করা হলো খাবারের প্রতি স্বাস্থ্যকর মনোভাবের একটি অংশ। এমন বস্তু বেছে করুন যা:

- ক্যালরি, ফ্যাট, এবং চিনি কম আছে
- ফাইবার ও পানিতে/জলে ভরপুর
- ভিটামিন, খনিজ পদার্থ এবং প্রোটিনে বেশি মাত্রায় পরিপূর্ণ

এর পরিবর্তে....		বেছে নিন...	
½ কাপ চকোলেট পুডিং (153 ক্যালরি)		½ কাপ সাদাহরণ ফ্যাটমুক্ত দই 1 চা চামচ জ্যাম (85 ক্যালরি)	
1 কাপ তেলে-রোস্ট করা আমন্ড (953 ক্যালরি)		1 কাপ বাতাসে পপ করা পপকর্ন (31 ক্যালরি)	
1 টি মাঝারি মাপের ছাকা তেলে ভাজা ফ্রেশ ফ্রাই (378 ক্যালরি)		1 টি সিড স্যালাড (17 ক্যালরি)	
1 টি টুকরো পেপারনি পিজা (338 ক্যালরি)		1 টি কাপ মাইনস্ট্রন সুপ (127 ক্যালরি)	
½ কাপ সালসা কন কুয়েসো (179 ক্যালরি)		½ কাপ সাধারণ সালসা (38 ক্যালরি)	
1 কাপ লেবুর রস (122 ক্যালরি)		1 টি মাঝারি মাপের লেবু (69 ক্যালরি)	



## Prevent T2 এর জন্য স্বাস্থ্যকর পছন্দসমূহ

স্বাস্থ্যকর পছন্দের জন্য আপনার ধারণাগুলি লিখুন। নিচে দেওয়া চার্টের বা দিকের কলামে, আপনি যে খাবারটি পরিবর্তন করতে চান সেটি লিখুন। ডান দিকের কলামে একটি স্বাস্থ্যকর বদলের কথা লিখুন।

এর বদলে....	বেছে নিন...
1.	1.
2.	2.
3.	3.
4.	4.
5.	5.
6.	6.
7.	7.
8.	8.
9.	9.
10.	10.



## বন্ধন প্রণালী পরিবর্তন

যেদিন থেকে তার চিকিত্সক অ্যান্থনিকে বলেছেন যে তার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি আছে, সে চিন্তিত যে তার নতুন ডায়েট খাবার থেকে সব আনন্দ বার করে নেবে তার জন্য। সে রান্না করতে ভালোবাসে, কিন্তু সে স্বাস্থ্যকর রান্না সম্বন্ধে খুব বেশি কিছু জানে না। সে মনে করে তাকে অনেক পরিমাণে কাঁচা পালং শাক খেতে হবে। এখানে স্বাস্থ্যকর পছন্দগুলি উপভোগকর করার জন্য কিছু উপায় দেওয়া আছে।

- আপনার প্রিয় পদগুলিকে আরো স্বাস্থ্যকর করে তুলতে সেগুলিকে পাল্টান।
- এমন চিজ বেছে নিন যা স্বাদ জোরালো এবং ফ্যাট কম, যেমন পার্মেসিয়ান এবং ফেটা।
- ভালো মানের বস্ত্র বাছাই করুন।
- বিভিন্ন ধরনের স্বাদ, গন্ধ, বর্ণ, গঠনসহ জিনিস বেছে নিন।
- সবুজ বীন ও ব্রকোলির মত সস্তী হালকা করে ভাজুন, যাতে সেগুলি রঙিন ও মুচমুচে থাকে।
- গাছড়া, লেবুর রস, ভিনিগার, সালসা, মশলা, ঝাল সস, সাধারণ ফ্যাটহীন দই, টম্যাটো সস, বা কম-ফ্যাটের স্যালাড ড্রেসিং দিয়ে খাবার সজ্জিত করুন।
- সবজি ও মাংস গ্রিল বা রোস্ট করুন যাতে তাদের স্বাদ প্রস্ফুটিত হয়।
- নতুন রন্ধন কৌশল এবং প্রণালী শিখুন বই, রচনা এবং ভিডিও থেকে। অথবা, একটি স্বাস্থ্যকর রান্নার ক্লাস করুন।
- বন্ধু ও পরিবারের সাথে চিন্তা ও রান্না ভাগ করে নিন।
- নতুন পদ এবং উপাদান চেষ্টা করে দেখুন।







# অংশগ্রহণকারীর নির্দেশিকা

চাপ নিয়ন্ত্রণ করা

**PREVENT T2**   
A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



## সেশনের মূল বিষয়গুলি

চাপ নিয়ন্ত্রণ করলে তা আপনাকে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে সাহায্য করতে পারে।

### এই সেশনে আমরা যা নিয়ে বলব:


- চাপের কিছু কারণ
- চাপ এবং টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সংযোগ
- চাপ কমানোর কিছু উপায়
- চাপ কাটিয়ে ওঠার কিছু স্বাস্থ্যকর উপায়

### আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও করবেন!



#### পরামর্শ:

- ✓ জানুন কোন কোন পরিস্থিতি আপনাকে দুশ্চিন্তাগ্রস্ত করে। কিভাবে সেগুলি কাটিয়ে উঠবেন তার পরিকল্পনা করুন।
- ✓ আপনি যেগুলি ভালোবাসেন না বা আপনার করার প্রয়োজন নেই সেগুলিকে “না” বলতে শিখুন।







## বারবারার কাহিনী

বারবারার বয়স 45 বছর। তিনি সমস্ত দিক থেকে চাপ অনুভব করেন। তার বাচ্চারা এখনও হাই স্কুলে পড়ে। তার বাবার শরীর ভালো নেই। তাছাড়া বারবারা পূর্ণ সময়ের কাজে যুক্ত ও তিনি বিবাহবিচ্ছিন্ন।

বারবারার ডাক্তার তাকে বলেছেন যে তার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি আছে। ডাক্তার তাকে ভালো খাবার খেতে বলেছেন এবং শারীরিকভাবে তৎপর থাকতে বলেছেন যাতে তার ওজন কমে।

বারবার কাছ্বে এসব দীর্ঘশ্বাসের মতো। তার কাছ্বে নিজের প্রতি যত্ন নেওয়া মানে কাজ বেড়ে যাওয়া।

**যখন আপনি চাপে থাকবেন, তখন আপনার এইসব অনুভূতি হতে পারে:**

- রাগান্বিত
- বিরক্ত
- উদ্ভিন্ন
- বিভ্রান্ত
- অধীর
- বিষন্ন থাকা
- উদ্ভিন্ন

**এছাড়াও আপনার এগুলি থাকতে পারে:**

- মাথা, পিঠ বা ঘাড়ের ব্যাথা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- পেশী শক্ত হয়ে যাওয়া
- পেটে ব্যাথা

### চাপ এবং টাইপ 2 ডায়াবেটিসের মধ্যে সংযোগ:

অতিরিক্ত চাপের ফলে যা হতে পারে:

1. আপনার শরীরের রসায়ন এমনভাবে পরিবর্তন হবে যার কারণে আপনার ডায়াবেটিস হওয়ার সম্ভাবনা বেড়ে যাবে
2. অস্বাস্থ্যকর উপায়ে কাজ করবেন





## বারবারার কাহিনী

নিজে ভালো থাকার জন্য ডাক্তার দেখানোর পর বারবারা বাসা গিয়ে প্রচুর আইসক্রীম খায়।

**যখন আপনার চাপ থাকে, তখন আপনার এইসব করতে পারেন:**

- খুব বেশী মদ্যপান
- ভুলে যাওয়া
- যেসব জিনিস আপনার করার দরকার সেগুলি না করা
- কিছুই না করে চারিদিকে ছুটে বেড়ানো
- কম ঘুম, খুব বেশী বা উভয়ই
- ধোঁয়া
- খুব বেশী ওষুধ নেওয়া
- খুব বেশী কাজ করা



**আপনি এগুলি করতে পারেন:**

- খাওয়া বা পান করা সম্পর্কে অস্বাস্থ্যকর জিনিস পছন্দ করতে পারেন
- সুস্থতার লক্ষ্য মেনে না চলা
- টিভি বা ভিডিও দেখে প্রচুর সময় কাটাতে পারেন বা কম্পিউটার ব্যবহার করতে পারেন

বারবারা “না” বলতে জানেন না। উনার করণীয় নয় এমন কাজও উনি করেন।

উদাহরণস্বরূপ, যখন তিনি তার বাচ্চাদের সঙ্গে শপিংয়ে যান তখন তারা জিনিস কেনার বায়না করে। সাধারণত তিনি তাদের চুপ করাতে তাদে চাহিদা পূরণ করে। এর ফলে বারবারা চাপ লাগে।

বারবারা “না” বলা শিখবেন সিদ্ধান্ত নিয়েছেন। পরের বার যখন তিনি তার বাচ্চাদের সঙ্গে শপিংয়ে যান তখন তারা জিনিস আইসক্রীম খাওয়ার বায়না ধরে। এইবার তিনি “না” বলেন! তিনি গোঁ ধরে থাকেন। তিনি নিজের প্রতি গর্বিত!





## চাপ কমানোর উপায়

চাপ প্রতিরোধ করার কোনো সফল উপায় নেই। কিন্তু আপনার জীবনে চাপ কমানোর উপায় আছে। এই পরামর্শগুলি কাজে লাগিয়ে দেখুন।

- ✓ **সাহায্য চান।** সহায়তার জন্য আপনার বন্ধু-বান্ধব এবং পরিবারকে জিজ্ঞাসা করুন। তারা আপনার প্রতি যত্নশীল এবং আপনার জন্য সেরাটা চাইবেন। আপনি তাদের অন্য সময়ে সাহায্য করতে পারেন।
- ✓ **পরিপাটি থাকুন।** আপনার জিনিস ঠিকঠাক রাখুন।
- ✓ **পর্যাপ্ত ঘুমান।** প্রতি রাতে ৪ ঘন্টার জন্য সবচেয়ে ছুটে আসা/যাওয়া করুন।
- ✓ **মজা করুন!** আপনার মনপছন্দ জিনিস করার জন্য সময় বার করুন। বন্ধুর সঙ্গে হাঁটতে পারেন, বই পড়ুন বা একটি ভিডিও দেখুন... যেটা আপনার ভালো লাগে।
- ✓ **শুধু “না” বলুন।** আপনি যেগুলি ভালোবাসেন না বা আপনার করার প্রয়োজন নেই সেগুলিকে “না” বলতে শিখুন।
- ✓ **নিজেকে জানুন।** কোন পরিস্থিতিতে আপনি চাপ পড়ে যান তা বুঝুন। কিভাবে সেগুলি কাটিয়ে উঠবেন তার পরিকল্পনা করুন।
- ✓ **করণীয় তালিকা করুন।** সবথেকে জরুরী জিনিসগুলিকে সবার আগে করুন।
- ✓ **নিজেকে স্মরণ করান** নোট, ক্যালেন্ডার টাইমার ব্যবহার করুন, যেটি আপনার জন্য কাজ করে।
- ✓ **ছোট, করতে পারবেন এমন লক্ষ্য সেট করুন।** বড় বড় লক্ষ্য ছোট ছোট ভাগে ভাগ করুন (যেমন ওজন কমানো)।
- ✓ **সমস্যার সমাধান করুন।** যখন আপনার কোনো সমস্যা রয়েছে তখন অবিলম্বে তা সমাধানের চেষ্টা করুন। এটা করলে, সেটা আপনার জীবনে আর চাপের কারণ হয়ে উঠবে না।
- ✓ **আপনার শরীর ও মনের যত্ন নিন।** এই ভাবে, আপনি আপনার চাপপূর্ণ পরিস্থিতিগুলি সামলানোর জন্য আরো প্রস্তুত হতে পারবেন।

আপনার জীবনে আপনি  
কিভাবে চাপ কমাবেন?






## চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়

চাপ লাগছে? কুকি খাওয়া কমান! এর পরিবর্তে চাপ কাটিয়ে ওঠার এইসব স্বাস্থ্যকর উপায় দিয়ে চেষ্টা করুন।

- ✓ **মনে মনে 20 পর্যন্ত গুনুন।** এটি আপনার মস্তিষ্কে বিরতি দেবে।
- ✓ **নিজের গা জুড়ান।** মাসাজ করান, হট বাথ করুন, এক কাপ ভেসজ চা খান বা কিছু মন শান্ত করার গান করুন।
- ✓ **নিজের সঙ্গে উত্সাহিত করার মতো কথাবার্তা বলুন।** শান্ত করার মতো কিছু বলুন যেমন: “তাড়াতাড়ি করার দরকার নেই। হাতে সময় আছে।”
- ✓ **আরাম করার কিছু উপায় ব্যবহার করে দেখুন।** আপনি সেগুলিকে সরাসরি বন্ধে পাবেন।
- ✓ **শরীর প্রসারিত করুন।** যোগা বা অন্যান্য স্ট্রেচের ব্যায়াম করুন।



### আরাম করার উপায়

ফল পেতে সময় লাগতে পারে। দিনে অন্তত 10 মিনিট অনুশীলন করার চেষ্টা করুন। ইচ্ছা হলে, মন শান্ত হয় এমন গান শুনুন।

প্রথমে, আরাম করা সহজ হতে পারে যদি আপনি অন্ধকার, শান্ত ঘরে শুয়ে থাকেন। কিন্তু সময়ের সাথে, আপনি যে কোনো সময়ে, যে কোন জায়গায় আরাম করতে পারবেন।

**আপনার পেশীদের আরাম দিন।** আপনার মুখের বলিরেখা ও ভাঁজ করুন। 5 সেকেন্ডের জন্য ধরে থাকুন। এখন ছাড়ুন। আপনার মুখের পেশীগুলিকে আরাম দিন। আপনার চোয়াল, কাঁধ, হাত, বুক, পায়ের পেশী একইভাবে টিপে আরাম করুন।



## চাপ সামলাবার কিছু স্বাস্থ্যকর উপায়

- ✓ **শ্বাস নিন।** যদি পারেন তাহলে যে কারণে আপনার চাপ তা থেকে কিছুটা বিরতি নিন।
- ✓ **আপনার অনুভূতি সম্পর্কে কথা বলুন।** কোনো বন্ধু বা কাউন্সেলরকে বলুন আপনার কেমন লাগছে।
- ✓ **ক্যাফিন কমান।** ক্যাফিন আপনাকে উত্তেজিত ও উদ্বিগ্ন করে তুলতে পারে।
- ✓ **কাজ করতে থাকুন!** শারীরিকভাবে তৎপর থাকার মতো কিছু করুন তা আপনার রক্তে হাঁটার মতো কিছু হতে পারে।
- ✓ **মজার কিছু করুন।** বাইরে গিয়ে নাঁচ করুন, শপিংয়ে যান, কোনো ঝুকে ফোন করুন। আপনি উপভোগ করেন এমন কিছু করুন অবশ্যই যদি সেটি স্বাস্থ্যকর হয়।
- ✓ **স্পষ্টভাবে চিন্তা করুন।** যতটা খারাপ মনে হচ্ছে ততটা খারাপ নাও হতে পারে।



### আরাম করার উপায়

**ধ্যান করুন।** এমন সহজ সরল কিছুতে দৃষ্টি নিবদ্ধ করুন যাতে আপনার মন শান্ত থাকে। এটি ছবি বা শব্দ হতে পারে।

যদি অন্য কারো চিন্তা মনে আসে চিন্তা করবেন না। শুধু আপনার ছবি বা শব্দতে ফিরে যান।

**কল্পনা করুন।** এমন কোনো দৃশ্য কল্পনা করুন যা থেকে আপনি অনেক শান্তি অনুভব করেন। নিজেকে সেখানে রেখে কল্পনা করার চেষ্টা করুন।

### গভীরভাবে শ্বাস নিন।


আপনার পেটের পেশীগুলিকে আরাম দিন। একহাত আপনার পাঁজরের নিচে রাখুন। নাক দিয়ে আস্তে করে গভীরভাবে শ্বাস নিন। আপনার হাত উপরে উঠছে তা অনুভব করুন।

এখন আপনার মুখ দিয়ে আস্তে আস্তে শ্বাস ছাড়তে শুরু করুন।

শ্বাস যে ভালোভাবে ছাড়ছেন তা নিশ্চিত করুন। আপনার হাত নিচে নামছে তা অনুভব করুন।







# অংশগ্রহণকারীর নির্দেশিকা

বাসার বাইরে স্বাস্থ্যকর খাবার খান

**PREVENT T2**   
A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



## সেশনের মূল বিষয়গুলি

বাসা থেকে বাইরে থাকার সময় স্বাস্থ্যকর খাবার খেলে তা টাইপ ২ ডায়াবেটিস প্রতিরোধ করতে বা বিলম্বিত করতে সাহায্য করবে।

### এই সেশনে আমরা এইসব বিষয় নিয়ে কথা বলব:

- রেস্টোরাঁ এবং সামাজিক অনুষ্ঠানে স্বাস্থ্যকর খাওয়ার কিছু প্রতিবন্ধকতা
- কিভাবে এই চ্যালেঞ্জগুলির জন্য পরিকল্পনা করবেন এবং সামলাবেন

### আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও করবেন!



#### পরামর্শ:

- ✓ প্রশ্ন জিজ্ঞাসা করুন উপাদান এবং কিভাবে খাবার প্রস্তুত হয়েছে তা সম্বন্ধে।
- ✓ বাসাতে স্বাস্থ্যকর জলখাবার খান সামাজিক অনুষ্ঠানের আগে। এর ফলে স্বাস্থ্যকর পছন্দ করতে আপনার সাহায্য হবে।





## হোসের কাহিনী

হোসের চিকিত্সক তাকে বলেছেন যে তার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি আছে। সুতরাং তাকে তার খাবার ধরন বদলাতে হবে। হোসে প্রতিদিন বাসাতে স্বাস্থ্যকর ব্রেকফাস্ট এবং ডিনার করে। কিন্তু মধ্যাহ্নভোজনের কথা একেবারে অন্য।

হোসে একজন নির্মাণকার্যের ঠিকাদার। দিনের বেলায়, সে সব সময় একটি কর্মস্থল থেকে আরেকটি কর্মস্থলে দৌড়ে বেড়ায়। সে তার মধ্যাহ্নভোজন করে একটি ফাস্ট-ফুড-ড্রাইভ-থ্রুতে। সে সাধারণত একটি বার্গার, ভাজা এবং সোডা খায়।

হোসে তার পরিবারের সাথে একসাথে সময় কাটাতে ভালোবাসে। কিন্তু এইসব অনুষ্ঠানে স্বাস্থ্যকরভাবে খাওয়া তার পক্ষে খুব কঠিন হয়ে পড়ে। স্বাস্থ্যকর বিকল্পগুলি খুঁজে পেতে তার সমস্যা হয়। তার মা তাকে জোর করে তার এম্পানাডা খাওয়ান। সে ওনার মনে কষ্ট দিতে চায় না বলে একটি মাত্র নেয়।

বাসা থেকে বাইরে খাবার সময় সে স্বাস্থ্যকর খাবারের বিকল্প বেছে নেওয়ার সিদ্ধান্ত নেয়। আগের দিন রাতে সে এক স্বাস্থ্যকর মধ্যাহ্নভোজন গুছিয়ে নেওয়ার চেষ্টা করে। যদি তাকে মধ্যাহ্নভোজন কিনতে হয়, তাহলে সে একটি স্যালাড সহ টার্কি স্যান্ডউইচ অর্ডার করে। সোডার বদলে সে এখন পানি/জল খায়। হোসে তার মায়ের এম্পানাডা খাবার অনুরোধে “না, ধন্যবাদ” বলায় আরো অভ্যস্ত হচ্ছে।





## রেস্তোরাঁতে স্বাস্থ্যকরভাবে খান

স্বাস্থ্যকর বিকল্প পাবার সম্ভাবনা বেশি এই সব স্থানে:

- স্যালাড বার সহ স্থানে
- বসে-খাবার রেস্তোরাঁতে
- নিরামিষ রেস্তোরাঁতে

স্বাস্থ্যকর বিকল্প পাবার সম্ভাবনা কম এই সব স্থানে:

- যত-খেতে-পারেন বুফেতে
- বাগার রেস্তোরাঁতে
- বেশির ভাগ ফাস্ট ফুড রেস্তোরাঁতে
- পিজা রেস্তোরাঁতে

মেনুতে এই শব্দগুলি খুঁজুন:

- বেক করা
- হালকা
- ব্রয়েল করা
- কম-ফ্যাট বা ফ্যাট-মুক্ত
- ডায়েট
- ধুমায়িত
- গ্রিল করা
- উদ্ভিজ্জ তেল
- স্বাস্থ্যকর
- সম্পূর্ণ দানা বা সম্পূর্ণ গম

একটি বস্তু স্বাস্থ্যকর কিনা বের করতে, জিজ্ঞাসা করুন:

- এটি কিভাবে তৈরি?
- এতে কি উপাদান আছে?
- কি ধরনের তেলে এটি রান্না করা?







## বেস্তোরাঁতে স্বাস্থ্যকরভাবে খান

### স্বাস্থ্যকর পরিবর্তন করতে জিজ্ঞাসা করুন:

- ভাজার পরিবর্তে আমি কি এটা বেক করা/প্টিম করা/ব্রয়ল করা/গ্রিল করা পেতে পারি?
- আমি কি আমার স্যান্ডউইছে অতিরিক্ত সবজি পেতে পারি চিজের বদলে?
- আমি কি আমার ড্রেসিং/সস/গ্রেভি/টক ক্রিম/ মাখন এর সাথে পেতে পারি?
- আমি কি একটা বেক করা আলু পেতে পারি ভাজার পরিবর্তে?
- আমি কি একটা স্যালাড পেতে পারি কোলস্লয়ের পরিবর্তে?
- এটা কি সবজির তেলে রান্না করা যেতে পারে ফ্যাট/মাখনের পরিবর্তে?
- আমি কি কিছু ফল পেতে পারি ডেজার্ট এর পরিবর্তে?
- রান্না করার আগে কি মাংশ থেকে ফ্যাট ছাড়িয়ে দেওয়া যেতে পারে?
- মুরগি থেকে কি চামড়া ছাড়িয়ে দেওয়া যেতে পারে রান্নার আগে?
- আমি কি আমার কফির সাথে স্কিমড দুধ খেতে পারি হাফ-এন্ড-হাফের পরিবর্তে?
- আমি কি লেবু ও পানি/জল পেতে পারি সোডার পরিবর্তে?



### স্বাস্থ্যকর পরিমাণ স্বাস্থ্যকর পরিমাণ পাবার জন্য, জিজ্ঞাসা করুন:

- আমি কি এই জিনিসটির সব চেয়ে ছোট আয়তন পেতে পারি?
- আমি কি মূল কোর্সের বদলে একটি এপিটাইজার পেতে পারি?
- আমি আর আমার বন্ধু কি এই জিনিসটি ভাগ করে নিতে পারি?
- আমি কি একটি টু-গো বাক্স পেতে পারি যখন আপনি আমার খাবার নিয়ে আসবেন? (তাহলে আপনি অর্ধেকটি বাক্সে ভরে নিতে পারবেন খাওয়া শুরু করার আগে!)





## সামাজিক অনুষ্ঠানে স্বাস্থ্যকরভাবে খান

### সামাজিক অনুষ্ঠানের জন্য প্রস্তুত হতে:

- বাসাতেই স্বাস্থ্যকর জলখাবার খেয়ে নিন যাতে সেখানে অতিরিক্ত খিদা না পায়। এর ফলে অনুষ্ঠানে স্বাস্থ্যকর পছন্দ করতে আপনার সাহায্য হবে।
- নিমন্ত্রণকর্তাকে আপনার খাবারের পরিকল্পনা সম্বন্ধে বলুন। তাদের বলুন আপনি এভাবে খাচ্ছেন কারণ আপনি টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে চান। তাদের বলুন আপনার চেষ্টার সাথে সহায়তা করতে।
- কিছু স্বাস্থ্যকর পছন্দের কথা বলুন।
- জিজ্ঞাসা করুন আপনি সাথে স্বাস্থ্যকর কিছু আনতে পারেন কিনা।
- “না, ধন্যবাদ”, বলার অভ্যাস করুন।



### সামাজিক অনুষ্ঠান চলাকালীন স্বাস্থ্যকরভাবে খাবার জন্য:

- নিজেকে একটি ছোট সুস্বাদু খাবার দিন।
- জিজ্ঞাসা করুন উপাদানগুলি সম্বন্ধে এবং কিভাবে খাবারগুলি তৈরি হয়েছে।
- নিজের নিয়ে আসা স্বাস্থ্যকর খাবারটি খান।
- স্টার্চ বিহীন সবজি বা ব্রথ ভিত্তিক সুপ দিয়ে নিজের পেট ভরান।
- আপনার হাতে একটি পানির/জলের গ্লাস রাখুন।
- মদ সীমিত করুন।
- “না, ধন্যবাদ”, বলুন।
- বুক থেকে দূরে থাকুন।
- অন্য নিমন্ত্রিতদের আপনার খাবার পরিকল্পনা সম্বন্ধে বলুন, এবং কেন আপনি তা অনুসরণ করছেন।









# অংশগ্রহণকারীর নির্দেশিকা

তাড়না বা উদ্দীপনা দমন করা

**PREVENT T2**   
A PROVEN PROGRAM TO PREVENT OR DELAY TYPE 2 DIABETES



## সেশনের মূল বিষয়গুলি

তাড়না বা উদ্দীপনা দমন করা আপনাকে সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে।

### এই সেশনে আমরা এইসব বিষয় নিয়ে কথা বলব:

- কিছু অস্বাস্থ্যকর খাবারের কেনাকাটার সমস্যা এবং তা কাটিয়ে ওঠার উপায়।
- কিছু অস্বাস্থ্যকর খাবারের অভ্যাসের সমস্যা এবং তা কাটিয়ে ওঠার উপায়।
- কিছু বসে থাকার অভ্যাসের সমস্যা এবং তা কাটিয়ে ওঠার উপায়।



### আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও করবেন!



#### পরামর্শ:

- ✓ আপনার ভালবাসার লোকদের জন্য মুখরোচক খাবার কেনার বদলে, এক স্বাস্থ্যকর উপায়ে তাদের প্রতি আপনার ভালবাসা দেখান।
- ✓ টিভি দেখার সময় যদি আপনি জলখাবার খান তাহলে বড় পত্র থেকে বা ব্যাগ থেকে খাওয়া এড়িয়ে চলুন। এক পরিমাপ খাবার নিন - এবং সেটুকুতেই সীমিত থাকুন।
- ✓ আপনি যদি সব সময় কাউচে শুয়ে থাকেন এবং টিভি দেখেন নৈশ ভোজের পরে, তাহলে বিজ্ঞাপন চলার সময় শারীরিকভাবে তৎপর থাকুন।



## মার্তার কাহিনী

মার্তা সবে জানতে পেরেছেন যে তার টাইপ 2 ডায়াবেটিসের ঝুঁকি আছে। তাই তার খাবারের এবং সুস্থতার অভ্যাসগুলি পরিবর্তন করতে হবে।

যে কোন একটি গতানুগতিক দিনে, মার্তা ঘুম থেকে ওঠেন সকালে 5:30-র সময়। রান্নাঘরে ডুকেই, তিনি কফি বানাতে শুরু করেন। কেবল সেই গন্ধটিই তাকে জাগিয়ে তোলে। তারপর তিনি একটি প্যাস্ট্রি গরম করেন কফিতে চুবিয়ে খাবার জন্য।

বিকেল ৩টার মধ্যে, তার আবার ঘুম ঘুম লাগে। তাই তিনি কর্মীদের লাউঞ্জে কফি মেশিনের সামনে থামেন। ভেন্ডিং মেশিনে, তিনি আরেকটি প্যাস্ট্রি কেনেন কফিতে চুবিয়ে খাবার জন্য।

পরে সেই সন্ধ্যায়, মার্তার প্রয়োজন হয় একটি চাপপূর্ণ দিনের পর আরাম করার। তাই তিনি কাউচে জড়োসড় হয়ে টিভি দেখেন। একটি বিজ্ঞাপনের বিরতির সময় তিনি এক ব্যাগ চিপস এবং একটি বিয়ার নিয়ে আসেন।

মার্তার জীবনের কোন দিকগুলো তাকে অস্বাস্থ্যকরভাবে জীবনযাপনে মদত দেয়?



মার্তা তার সমস্যাগুলির মোকাবিলা করার সিদ্ধান্ত নেয়। আজকাল তিনি বেশি ঘুমোন, তাই তিনি আর গের মত অতটা ঘুম ভাব বোধ করেন না। তিনি এখনো তার সকালের এবং বিকেলের কফি খান। কিন্তু ব্রেকফাস্টে প্যাস্ট্রি না খেয়ে, তিনি কিছু বেরি সহ সাধারণ ফ্যাটশুন্য দই খান।

মার্তা কর্মস্থলে ভেন্ডিং মেশিন থেকে দূরে থাকে। তার পরিবর্তে তিনি কচি গাজর খান।

মার্তা এখনো টিভি দেখেন একটি চাপপূর্ণ দিনের পর আরাম করার জন্য। কিন্তু তিনি এখন একটি নিশ্চল বাইক চড়েন বা ওজন তোলেন তা দেখার সময়। আর এখন তিনি সবজি কেটে নিয়েছেন তার সন্ধ্যার খাবারের জন্য চিপস এবং বিয়ারের বদলে।



## কিভাবে সমস্যাগুলি সামলানো যায়

সমস্যাগুলি সামলানো চ্যালেঞ্জিং হতে পারে। এখানে কিছু সাধারণ সমস্যা দেওয়া হলো এবং তা সামলানোর কিছু উপায়। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

কেনাকাটা সংক্রান্ত সমস্যা	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমি ক্ষুধার্ত।	<input type="checkbox"/> কেনাকাটা করতে যাওয়ার আগে একটি স্বাস্থ্যকর খাবার খান।	<input type="checkbox"/> _____
আমার দুখী/ চিন্তিত/চাপপূর্ণ/ রাগান্বিত মনে হয়।	<input type="checkbox"/> কেনাকাটা করতে যাওয়া পিছিয়ে দিন যতক্ষণ না আপনি ভালো অনুভব করছেন। <input type="checkbox"/> আপনার অনুভূতি গুলি এক স্বাস্থ্যকর উপায়ে সামলান। উদাহরণস্বরূপ, কিছু গভীর শ্বাস নিন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
সেটি বিক্রির জন্য আছে, বা আমার কাছে তার জন্য একটি কুপন আছে।	<input type="checkbox"/> বিভিন্ন পথ খুঁজুন স্বাস্থ্যকর বস্তুর উপর টাকা বাঁচাবার জন্য। <input type="checkbox"/> অস্বাস্থ্যকর বস্তুর জন্য কুপন ক্লিপ করবেন না।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
এটি দেখতে লোভনীয়।	<input type="checkbox"/> দোকানের লোভনীয় অংশগুলি থেকে দূরে থাকুন, যেমন ক্যান্ডি, চিপস এবং আইসক্রিমের সারিগুলি। <input type="checkbox"/> অত্যন্ত কম পরিমাণ কিনুন। উদাহরণস্বরূপ, একটি আইসক্রিমের বার কিনুন, সম্পূর্ণ কন্টেইনারের পরিবর্তে। <input type="checkbox"/> একটি স্বাস্থ্যকর সংস্করণ কিনুন। কিন্তু পুষ্টিগত তথ্যগুলি ভালো করে দেখুন। শুধু “স্বাস্থ্যকর” শব্দটির উপর ভরসা করবেন না। <input type="checkbox"/> মনে রাখুন যে দোকানের লক্ষ্য হলো আপনাকে দিয়ে জিনিসপত্র কেনানো।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমি সব সময় এটি কিনি।	<input type="checkbox"/> একটি তালিকার সাহায্যে কেনাকাটা করুন, এবং তা অনুযায়ী কিনুন। <input type="checkbox"/> নিজেকে মনে কোরান যে আপনি এখন আগের চেয়ে ভালো বস্তু পছন্দ করছেন। <input type="checkbox"/> একটি ভিন্ন দোকানে চেষ্টা করুন, যেমন খামারের স্ট্যান্ড।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
এটি আমার স্বামী/ স্ত্রী/বান্ধা/নাতি/ নাতনিদের জন্য।	<input type="checkbox"/> স্বাস্থ্যকর উপায়ে আপনার ভালবাসা প্রকাশ করুন। এটি আপনার জন্য ভালো হবে - এবং তাদের জন্যও।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____



## কিভাবে সমস্যাগুলি সামলানো যায়

থাওয়াদাওয়া সংক্রান্ত সমস্যা	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমি ক্ষুধার্ত।	<input type="checkbox"/> স্বাস্থ্যকর কিছু খান। <input type="checkbox"/> যখন মনে হবে পেট ভর্তি হয়ে গেছে তখন থামুন। <input type="checkbox"/> একটি ছোট প্লেট ব্যবহার করুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
টিভি দেখতে আমি অল্প অল্প করে খেতে ভালোবাসি।	<input type="checkbox"/> বড় পাত্র থেকে বা ব্যাগ থেকে খাওয়া এড়িয়ে চলুন। নিজেকে একটি মাত্র খাবারের মাপ দিন - এবং সেটুকুতেই সীমিত থাকুন। <input type="checkbox"/> সেলাই করুন, একটি নিশ্চল বাইক চালান, রেসিস্টিয়াম ব্যাল্ড ব্যবহার করুন, বা ওজন তুলুন বরফ। <input type="checkbox"/> বরং চিনি ছাড়া গাম চিবান। অথবা স্টার্চমুক্ত সবজি খান, যেমন সেলারি। <input type="checkbox"/> কম টিভি দেখুন। <input type="checkbox"/> শুধু রান্নাঘর/খাবার ঘরের টেবিলে খান।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমি নিজেকে দুখী/চিন্তিত/চাপপূর্ণ/রাগান্বিত অনুভব করি।	<input type="checkbox"/> আপনার অনুভূতিগুলি স্বাস্থ্যকর ভাবে সহজ করে তুলুন। উদাহরণস্বরূপ, একটি বন্ধুর সাথে কথা বলুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমার একঘেয়ে লাগে।	<input type="checkbox"/> স্বাস্থ্যকর কিছু করুন: হাঁটতে যান, লোনের ঘাস কাটুন, বা একটি নতুন স্বাস্থ্যকর রন্ধন প্রণালী খেয়ে দেখুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমার নিঃসঙ্গ লাগে।	<input type="checkbox"/> আপনার বন্ধু বা পরিবারের সাথে যোগাযোগ করুন। <input type="checkbox"/> মানুষের সাথে দেখা করুন: কোনো ক্লাসে যাওয়া শুরু করুন, কোনো দলে বা ক্লাবে যোগ দিন, বা স্বেচ্ছাসেবী হন। <input type="checkbox"/> কোন প্রাণী পোষার কথা ভাবুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
এটি পাওয়া বা তৈরি করা সহজ।	<input type="checkbox"/> স্বাস্থ্যকর বস্তু জড়ো করুন যা পাওয়া বা তৈরি করা সহজ, যেমন কচি গাজর।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____





## কিভাবে সমস্যাগুলি সামলানো যায়

থাওয়াদাওয়া সংক্রান্ত সমস্যা	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
এটি দেখতে বা গন্ধে লোভনীয়।	<p><b>বাসাতে:</b></p> <ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> আপনি পছন্দ করেন এমন বস্তু জড়ো করে রাখুন। নিশ্চিত করুন সেগুলি দৃশ্যমান এবং খাবার জন্য তৈরি। উদাহরণস্বরূপ, কাটা সবজি আপনার ফ্রিজে রাখুন এবং এক বাটি ফল রাখুন আপনার টেবিলে।</li> <li><input type="checkbox"/> অস্বাস্থ্যকর বস্তু বাসাতে রাখবেন না।</li> <li><input type="checkbox"/> অস্বাস্থ্যকর বস্তু চোখের আড়ালে রাখুন বা সেগুলির নাগাল পাওয়া কঠিন করে তুলুন।</li> </ul> <p><b>কর্মস্থলে:</b></p> <ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> ভেন্ডিং মেশিন বা “বিনামূল্যের” খাবারের থেকে দূরে থাকুন।</li> <li><input type="checkbox"/> স্বাস্থ্যকর খাবার হাতের কাছে রাখুন।</li> </ul>	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
এটি খাবার আনন্দদায়ক স্মৃতি আমার আছে।	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> স্বাস্থ্যকর করতে এটি পরিবর্তন করুন।</li> <li><input type="checkbox"/> খুবই ছোট পরিমাণ খান।</li> <li><input type="checkbox"/> অন্য কারো সাথে ভাগ করে নিন।</li> <li><input type="checkbox"/> নতুন স্মৃতি তৈরি করুন স্বাস্থ্যকর খাদ্য খাবার।</li> </ul>	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমি খাবার নষ্ট করতে চাই না।	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> ছোট পরিমাণ রান্না করুন।</li> <li><input type="checkbox"/> অবশিষ্টগুলি ফ্রিজে বা ফ্রিজারে সংরক্ষণ করুন।</li> <li><input type="checkbox"/> সেটি দিয়ে দিন।</li> <li><input type="checkbox"/> নিজেকে মনে কোরান যে আপনার স্বাস্থ্য বেশি গুরুত্বপূর্ণ কয়েক কামড় খাবারের চেয়ে।</li> </ul>	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____



## কিভাবে সমস্যাগুলি সামলানো যায়

খাওয়াদাওয়া সংক্রান্ত সমস্যা	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমি সব সময় এটি পাই ড্রাইভ-থ্রুতে খাবারের পরে।	<input type="checkbox"/> আরেকটি পথ নিন যাতে আপনাকে এই ড্রাইভ-থ্রু পাস দিয়ে না যেতে হয়। <input type="checkbox"/> আপনার গাড়িতে বসে থাকেন না। <input type="checkbox"/> স্বাস্থ্যকর কিছু অর্ডার দিন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমি অস্বাস্থ্যকর খাবারের ছবি বা ভিডিও দেখি।	<input type="checkbox"/> সেগুলি না দেখার চেষ্টা করুন। <input type="checkbox"/> স্বাস্থ্যকর খাবারের ছবি এবং ভিডিও দেখুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____

চুপ করে বসে থাকার অভ্যাসের সমস্যা	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমি ক্লান্ত।	<input type="checkbox"/> রাতে আরো ঘুমান। <input type="checkbox"/> একটি ছোট ঘুম দিন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমার দুখী/চাপপূর্ণ/চিন্তিত/রাগান্বিত অনুভব করি।	<input type="checkbox"/> আপনার অনুভূতিগুলি স্বাস্থ্যকর ভাবে সহজ করে তুলুন। উদাহরণস্বরূপ, দ্রুত গতিতে হাঁটুন।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমার জয়েন্ট/পায়ে বেদনা অনুভব করি।	<input type="checkbox"/> শারীরিকভাবে তৎপর থাকার উপায় অনুভব করুন যা আপনার শরীরের পক্ষে সহজ, যেমন সাঁতার কাটা বা যোগব্যায়াম করা।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
আমি সব সময় কাউচে শুয়ে থাকি এবং ডিনারের পর টিভি দেখি।	<input type="checkbox"/> একটি নিশ্চল বাইক চালান, রেসিস্ট্যান্স ব্যাল্ড ব্যবহার করুন, বা ওজন তুলুন টিভি দেখার সময়। <input type="checkbox"/> বিজ্ঞাপনের সময় শারীরিকভাবে তৎপর থাকুন। <input type="checkbox"/> নৈশ আহারের পরে একটু হাঁটতে যান বরঞ্চ।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____



## আমার সমস্যাগুলি

আপনার সমস্যাগুলি হলো আপনার জীবনের সেই সব জিনিস যার প্রতি আপনার একটি নির্দিষ্টভাবে প্রতিক্রিয়া হবার সম্ভাবনা থাকে - তার সম্বন্ধে কোন চিন্তাভাবনা না করে। সেগুলি দৃশ্য, গন্ধ, স্থান, বা অনুভূতি হতে পারে। সেগুলি মানুষ, স্থান, ক্রিয়াকলাপ বা পরিস্থিতি হতে পারে।

কি আপনার অস্বাস্থ্যকর কেনাকাটার অভ্যাস সমস্যা করে?

---



---

কিভাবে আপনি এই সমস্যাগুলি সামলাবেন?

---



---

কি আপনার অস্বাস্থ্যকর খাবারের অভ্যাস সমস্যা করে?

---



---

কিভাবে আপনি এই সমস্যাগুলি সামলাবেন?

---



---

কি জন্য আপনি সক্রিয় থাকার বদলে চুপ করে বসে থাকেন?

---





---

কিভাবে আপনি এই সমস্যাগুলি সামলাবেন?

---



---





## সাধারণ সমস্যাগুলি

### সাধারণ অস্বাস্থ্যকর কেনাকাটা সংক্রান্ত সমস্যা:

“যখন আমরা চলচ্চিত্র দেখতে যাই, আমরা সব সময় একটি বড় পপকর্নের টাব আর সোডা কিনি ভাগ করে খাবার জন্য।”

“আমার পরিবার একটি পিজা খায় প্রতি শুক্রবার রাতে।”

“আমি সব সময় ট্যাকো ট্রাকের কাছে দাঁড়াই আমার মধ্যাহ্ন বিরতির সময়।”

“আমি হাতের কাছে কুকি রাখি যখন আমার নাতি-নাতনিরা বেড়াতে আসে।”

“যখন আমার খারাপ লাগে, আমি এক পাত্র আইসক্রিম তুলে নিই।”

### সাধারণ অস্বাস্থ্যকর খাওয়ার সমস্যা:

“আমি সব সময় মিষ্টি কিছু খাই নৈশ আহারের পরে।”

“আমার বন্ধুরা এবং আমি সব সময় চিকেন উইংস, বিয়ার, এবং চিপ্স খাই যখন আমরা খেলা দেখি।”

“গির্জার পরে, আমার মহিলাদের দল কফি এবং ডোনাট খায়।”

### চুপ করে বসে থাকার সমস্যা:

“আমার বন্ধুরা এবং আমি ক্যাফেটেরিয়াতে একসাথে বসি প্রতিদিন মধ্যাহ্ন ভোজনের সময়।”

“আমি সব সময় কাজের পরে ভিডিও গেমস খেলি।”

“আমার পরিবার শনিবারগুলি সারা দিন বোর্ড গেমস খেলে।”

“নৈশ ভোজন শেষ হলে, টিভি দেখার সময় হয়।”









# অংশগ্রহণকারীর নির্দেশিকা

Prevent T2 এর জন্য শারীরিকভাবে তৎপর থাকুন





## সেশনের মূল বিষয়গুলি

দীর্ঘ মেয়াদে শারীরিকভাবে তৎপর থাকা আপনাকে সাহায্য করতে পারে টাইপ 2 ডায়াবেটিস প্রতিরোধ করতে অথবা বিলম্বিত করতে।

### এই সেশনে আমরা এইসব বিষয় নিয়ে কথা বলব:

- শারীরিকভাবে তৎপর থাকার কিছু সুবিধা
- শারীরিকভাবে তৎপর থাকার কিছু প্রতিবন্ধকতা এবং তা সামলানোর কিছু উপায়
- এই কর্মসূচি শুরু করার পর আপনি কতটুকু এগিয়েছেন




### আপনি একটি নতুন কর্ম পরিকল্পনাও করবেন!



#### পরামর্শ:

- ✓ আপনার “কেন” টি জানুন। প্রতিদিন নিজেকে মনে করিয়ে দিন কেন আপনি শারীরিকভাবে তৎপর থাকতে চান। বন্ধুবান্ধব ও পরিবারকেও বলুন আপনাকে মনে করিয়ে দিতে।
- ✓ নিজেকে পুরস্কৃত করুন। নিজেকে ছোটখাটো, খাদ্য-নয়-এমন পুরস্কার দিন নিজের সুস্থতার লক্ষ্যে পৌঁছবার জন্য। পরিবার এবং বন্ধুদের বলুন আপনাকে সমর্থন করতে।





## তিও'র কাহিনী

টাইপ ২ ডায়াবেটিসের ঝুঁকি আছে তিওর। তার চিকিত্সক তাকে ২০ পাউন্ড ওজন কমাতে বলেছেন এবং সপ্তাহে অন্তত ১৫০ মিনিট কার্যকলাপের লক্ষ্য স্থির করতে বলেছেন।

প্রচুর কঠিন পরিশ্রমের পরে তিও তার ওজন এবং কার্যকলাপের লক্ষ্যে পৌঁছেছে। তার ব্লাড সুগার এখন স্বাভাবিক। তার চিকিত্সক বলেছেন তার আর এখন টাইপ ২ ডায়াবেটিসের ঝুঁকি নেই।

সময় যত এগিয়ে চলে, তিওর সময়সূচি আরো ব্যস্ত হয়ে পড়ছে। তার স্ত্রী রাতের ক্লাসে যেতে শুরু করেছেন। তাই তাকে কিছু বাসার কাজের দায়িত্ব তুলে নিতে হয়েছে যা সে করত।

তিও এখন মধ্যাহ্নের বিরতিতে ফাইফরমাস খাটেন। এর ফলে, তার আর এখন সময় হয় না মধ্যাহ্নভোজের সময় হাটবার।

সক্রিয় হবার সময় বের করা তিওর পক্ষে কঠিন। তার ওপর, সে তার ওজন কমাবার লক্ষ্যে পৌঁছাতে পেরেছে তাই সে কম অনুপ্রানিত বোধ করে। তার সুস্থতার নিত্য কর্মসূচি পিছিয়ে পড়ছে।

তিও ঠিক করে সংশোধনমূলক কাজ করবে। সে তার বাচ্চাদের সাথে সক্রিয়। সে নিজেকে ছোটখাটো, খাদ্য-নয়-এমন পুরস্কার দেয় নিজের সুস্থতার লক্ষ্যে পৌঁছবার জন্য। এবং সে তার বাচ্চাদের বলে আরো বেশি করে দৈনিক তাকে দিতে যাতে সে শারীরিকভাবে তৎপর থাকার বেশি সময় পায়।

আজকে, তিওর সুস্থতার দিনপঞ্জি আবার সঠিক পথে ফিরে এসেছে। সে দীর্ঘ সময় শারীরিকভাবে তৎপর থাকার পরিকল্পনা করে। সে স্বাস্থ্যবান হতে চায়। তা ছাড়া, সে শারীরিকভাবে তৎপর থাকার সময় যেমন অনুভব করে তা সে পছন্দ করে।





## কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন

দীর্ঘ সময় শারীরিকভাবে তৎপর থাকা চ্যালেঞ্জিং হতে পারে। এখানে কিছু সাধারণ চ্যালেঞ্জ এবং তা সামলাবার কিছু উপায় দেওয়া হলো। “কাটিয়ে ওঠার অন্যান্য উপায়” কলামে আপনার নিজের আইডিয়া লিখুন। আপনি যেসব আইডিয়া চেষ্টা করেছেন সেগুলিতে টিক দিন।

চ্যালেঞ্জ	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমি কম অনুপ্রানিত অনুভব করছি।	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> আপনার “কেন” টি জানুন। প্রতিদিন নিজেকে মনে করিয়ে দিন কেন আপনি শারীরিকভাবে তৎপর থাকতে চান। পরিবার এবং বন্ধুদের বলুন আপনাকে মনে করিয়ে দিতে।</li> <li><input type="checkbox"/> আগে থেকে পরিকল্পনা করুন। শারীরিক ক্রিয়াকলাপকে নিজের সময়সূচীর নিয়মিত অংশ করে তুলুন। এটি আপনার ক্যালেন্ডারে লিখুন।</li> <li><input type="checkbox"/> সুস্থ থাকার অঙ্গীকার করুন। পরিবারের সদস্য অথবা বন্ধুর সাথে কাজ করুন। একটি ফিটনেস ক্লাসে যোগদান করুন। একটি হাট্টার দলে যোগদান করুন।</li> <li><input type="checkbox"/> এটাকে একটা মজাদার বিষয় করে রাখুন। শারীরিকভাবে তৎপর থাকার জন্য নতুন পন্থা প্রয়োগ করতে থাকুন যতক্ষণ না আপনি এমন কিছু খুঁজে পাচ্ছেন যা আপনি উপভোগ করেন। শরীর চর্চা করার সময় ভিডিও দেখুন অথবা সঙ্গীত শুনুন। একটি ফিটনেস অ্যাপ ব্যবহার করে দেখুন।</li> <li><input type="checkbox"/> নিজেকে চ্যালেঞ্জ করুন। নিজের জন্য নতুন সুস্থতার লক্ষ্য স্থির করুন। অথবা একটি বন্ধুর সাথে প্রতিযোগিতা করুন।</li> <li><input type="checkbox"/> নিজেকে পুরস্কৃত করুন। নিজেকে ছোটখাটো, খাদ্য-নয়-এমন পুরস্কার দিন নিজের সুস্থতার লক্ষ্যে পৌঁছবার জন্য। পরিবার এবং বন্ধুদের বলুন আপনাকে সমর্থন করতে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> </ul>



## কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন

চ্যালেঞ্জ	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আমার হাতে জীবনযাত্রার পরিবর্তনের জন্য সময় কম।	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> কাজ কর্ম করার সময় শরীর চর্চা করা। চটপট চলাফেলা করুন যখন ঘর মোছেন, ঘাস কাটেন, দোকান, অথবা কুকুর হাঁটান।</li> <li><input type="checkbox"/> স্কিনের সময়কে সক্রিয় সময় করুন। ওজন তুলুন, একটি নিশ্চল বাইক চালান, অথবা এক জায়গায় দাঁড়িয়ে হাঁটুন যখন টিভি বা ভিডিও দেখবেন।</li> <li><input type="checkbox"/> যোগাযোগে থাকুন। একটি বন্ধুর সাথে হাঁটুন। অথবা, হাঁটার সময় ফোনে কথা বলুন।</li> <li><input type="checkbox"/> কোথাও যেতে হলে হেঁটে যান। কাজে যাওয়ার সময় বাইকে চড়ে যান। গাড়ি রাখার জায়গায় একটু দূরে গাড়ি পার্ক করুন। লিফ্টের বদলে সিঁড়ি ব্যবহার করুন। একটি স্টপ আগে বাস থেকে নেমে পড়ুন।</li> <li><input type="checkbox"/> বিভাজন করে জম্ব করুন। আপনার 150 মিনিট 10 মিনিটের খন্ডে ভাগ করে নিন।</li> <li><input type="checkbox"/> সাহায্য চান। পরিবারের সদস্যদের বলুন আরো বেশি করে দৈনিক কাজ আপনাকে দিতে যাতে আপনি শারীরিকভাবে তৎপর থাকার বেশি সময় পান।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> </ul>
আমার হাতে জীবনযাত্রার পরিবর্তনের জন্য কম টাকা থাকে।	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> বিনামূল্যে করা যায় এমন ক্রিয়াকলাপে জড়িত থাকুন যেমন হাঁটা, নাচা, এবং এক জায়গায় কুচকাওয়াজ করা।</li> <li><input type="checkbox"/> শরীরচর্চার কাপড় এবং সরঞ্জাম কিনুন সেলে।</li> <li><input type="checkbox"/> কমিউনিটি সেন্টারে বিনামূল্যে সুস্থস্বাস্থ্যের ক্লাসের খোঁজ করুন।</li> <li><input type="checkbox"/> অনলাইন এবং পাঠাগারে সুস্থতার ভিডিও খুঁজুন।</li> <li><input type="checkbox"/> ব্যায়ামাগারে প্রয়োজন-ভিত্তিক ফিয়ার কথা জিজ্ঞাসা করুন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> <li><input type="checkbox"/> _____</li> </ul>



## কিভাবে চ্যালেঞ্জগুলি সামলাবেন

চ্যালেঞ্জ	কাটিয়ে ওঠার উপায়	কাটিয়ে ওঠার অন্যান্য উপায়
আবহাওয়ার কারণে বাইরে হাঁটা কঠিন হয়ে পড়ছে।	<input type="checkbox"/> আবহাওয়া অনুযায়ী পোশাক পরুন। <input type="checkbox"/> মলে হাঁটুন। <input type="checkbox"/> শারীরিকভাবে তৎপর থাকার আরেকটি পথ চেষ্টা করুন, যেমন সাঁতার কাটা।	<input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____ <input type="checkbox"/> _____
